

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ১১, ২০১৫

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ

প্রধানমন্ত্রীর কার্যালয়

বিজ্ঞপ্তি

নরসিংদী জেলাধীন পলাশ উপজেলার ডাঙ্গায় অবস্থিত কাঁজের এবং কাজিরচর মৌজায় শীতলক্ষ্যা নদীর তীরে নিম্নবর্ণিত তফসিলভুক্ত প্রায় ২০০(দুইশত) একর জায়গায় বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের অনুমোদন ও লাইসেন্স প্রাপ্তির জন্য এ. কে. খান এন্ড কোম্পানী লিঃ, আমবাগান, বাটালি হিলস, চট্টগ্রাম (৫৭, গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা) এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক জনাব সালাহুদ্দিন কাশেম খান নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা বরাবর আবেদন করেন। তৎপ্রেক্ষিতে বাংলাদেশ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল নীতি, ২০১৪ এর অনুচ্ছেদ ৫(২) মোতাবেক জানানো যাচ্ছে যে, প্রস্তাবিত স্থানে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপিত হলে তদ্বারা ক্ষতিগ্রস্ত হতে পারেন এমন যে কোন ব্যক্তি এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২১(একুশ) দিনের মধ্যে সচিব, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৫), ১২ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ ঠিকানায় মতামত দাখিল করতে পারবেন। বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন করা হবে এবং মাস্টারপ্ল্যান প্রণয়নের মাধ্যমে পরিকল্পিতভাবে বস্ত্র শিল্প, ঔষধ শিল্প, কৃষিনির্ভর শিল্প কারখানা, ঘড়ি, ডিজিটাল যন্ত্রপাতি, চিকিৎসা, অপারেশন এবং জীববিজ্ঞানের যন্ত্রপাতি তৈরির কারখানা ও এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট (ETP) স্থাপন করা এবং পয়ঃনিষ্কাশন ব্যবস্থা গড়ে তোলা হবে।

(২০১)

মূল্য : টাকা ৪.০০

তফসিল :

জেলা-নরসিংদী, উপজেলা-পলাশ, মৌজা-কাঁজের (জে. এল. নং-১৪৭, খতিয়ান সংখ্যা-৯৩, দাগের সংখ্যা ১৩৯, জমির পরিমাণ ৬৭.০৬৯৫ একর) এবং মৌজা-কাজিরচর (জে. এল. নং ১৪৬, খতিয়ান সংখ্যা-৩০৪, দাগের সংখ্যা ৫৫১, জমির পরিমাণ ১৩২.১৭৩০ একর), চৌহদ্দি ঃ উত্তরে-শীতলক্ষ্যা নদী, দক্ষিণে-ইউনিয়ন পরিষদের রাস্তা, পূর্বে-ইসলাম পাড়া গুদারাঘাট হতে পাঁচদোনা রাস্তা, পশ্চিমে-শীতলক্ষ্যা নদী। বিস্তারিত তথ্য BEZA-র ওয়েব সাইটে (www.beza.gov.bd) পাওয়া যাবে।

মুহাম্মদ আব্দুস সামাদ এনডিসি

সচিব

বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd